গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ডিসেম্বর, ২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২৬ ডিসেম্বর ২০২১
সভার সময়	১১.০০ টায়
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন অনুসরণ করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। গত ২৪.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। গত ২৪.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি** সভাপতি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে বিএমডির এপিএ বিষয়ক সহকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব) জনাব মোঃ মাহফুজুর রহমান সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে বিএমডির মোট রাজস্ব আদায়ের লক্ষমাত্রা হচ্ছে ৫২ কোটি ৩০ লক্ষ টাকা। ২৬ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মোট ৩২ কোটি ৫৭ লক্ষ ২৯ হাজার ৭ শত ৩২ টাকার প্রায় রাজস্ব অর্জিত হয়েছে। সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা ১৫ (পনের) টি। ২৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ১০ (দশ) টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ ব্যবস্থাপনা কার্যক্রমের আওতায় খনি ও কোয়ারি অনুসন্ধান এবং ইজারা প্রদানের লক্ষ্যমাত্রা ০৫ টি। ইতোমধ্যে হবিগঞ্জ জেলার ০২ (দুই) টি সিলিকা বালু কোয়ারি ইজারা প্রদান করা হয়েছে এবং ০১ (এক) টি লৌহ আকরিক অনুসন্ধান লাইসেন্সসহ সর্বমোট ০৩ (তিন) টি ইজারা ও অনুসন্ধান লাইসেন্স প্রদান করা হয়েছে। সভাপতি বলেন, চুক্তি অনুযায়ী বিএমডির আবশ্যিক ও দাপ্তরিক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।	ক) রাজস্ব আদায় আরো জোরদার করতে হবে। খ) খনিজ সম্পদের অবৈধ উত্তোলন বন্ধে অধিক্ষেত্র অনুযায়ী টিমভিত্তিক সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়; গ) হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার সিলিকাবালু কোয়ারিসমূহ ইজারা প্রদানের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা

২.২	**নিয়োগ পরীক্ষা** সভাপতি নিয়োগ কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপপরিচালক জনাব মো: মামুনুর রশীদ বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর রাজস্ব খাতভূক্ত তৃতীয় শ্রেণির ০১ টি ক্যাটাগরির অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ০৪ (চার) টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত ৩০.০৬.২০২১ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। নির্ধারিত সময় শেষে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অনলাইনে মোট ৩৮৬৪ টি চাকরির আবেদন পাওয়া যায়। আগামী ২৮ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে লিখিত পরীক্ষা সম্পাদনের লক্ষ্যে (সিট প্লান, লিখিত পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র কোডিং, ডি-কোডিং, উত্তরপত্র মূল্যায়ন, পরীক্ষা গ্রহণের দিনে পরীক্ষার মূল্যায়িত খাতা, হাজিরা শীট, ট্যাবুলেশন শীট, উত্তীর্ণ পরীক্ষার্থীদের তালিকা (ফলাফল), শিক্ষকদের সম্মানী ইত্যাদি যাবতীয় কার্যাদি সম্পন্নবাবদ ০৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হলে প্রতিষ্ঠান ০৩ টি যে দর প্রস্তাব দাখিল করে তার মধ্যে সর্বনিম্ন দর প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়। উপপরিচালক আরও জানান, লিখিত পরীক্ষার উল্লেখিত কার্যাদি সম্পাদনের জন্য এবং জনবল নিয়োগের নিমিত্ত বিভাগীয় নির্বাচন কমিটির (ডিপিসি) সভায় সম্মানী ও আনুষঙ্গিক খরচবাবদ টাকার অগ্রিম মঞ্জুরী অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি নিয়োগের পরবর্তী কার্যক্রম দ্রুত এবং সকল বিধিবিধান প্রতিপালনপূর্বক স্বচ্ছভাবে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সকল বিধিবিধান প্রতিপালন করতে হবে। (খ) নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.৩	**জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি** সভাপতি বিএমডির ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (ভূতত্ত্ব), মোসাঃ মাহবুবা খাতুন জানান, বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন কার্যক্রম সন্তষজনক। দ্বিতীয় ত্রৈমাসিক শেষ হলেই শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হবে।	নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর দ্বিতীয় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
২.৪	**সংশোধিত বাজেট ২০২১-২২ প্রস্তাব প্রেরণ** সভাপতি খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর ২০২১-২০২২ অর্থবছরের মধ্যমেয়াদি সংশোধিত বাজেট প্রাক্কলন নিয়ে আলোকপাত করেন। অনাবশ্যক ব্যয় পরিহার করে বাজেট পরিপত্রের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক সংশোধিত বাজেট প্রনয়নের নির্দেশনা প্রদান করেন।	নির্ধারিত তারিখের মধ্যে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা

২.৫	**ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২** বিএমডির ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (ভূ-রসায়ন) জানান, কর্মপরিকল্পনা অনুযায়ী ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে একটি ডিজিটাল সেবা এবং পরবর্তী বছরের শুরুতে একটি সেবা সহজীকরণ ও একটি ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি ডিজিটাল সেবা হিসাবে বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর ডাটাবেইজ তৈরির জন্য PMIS (Personal Management Information System) সফটওয়ার তৈরির প্রস্তাব নভেম্বর ২০২১ মাসে উপস্থাপন করেছিলেন যেটার পক্ষে সকলে সম্মতি জ্ঞাপন করেন। সভাপতি সফটওয়ার প্রস্তুতির অগ্রগতি বিষয়ে জানতে চাইলে ফোকাল পয়েন্ট জানান, কোটেশনের মাধ্যমে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান ডিসেম্বরের শেষ সপ্তাহে সফটওয়ারটি সরবরাহ করবে।	ক) সফটওয়ারটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে বুঝিয়া নিতে হবে। খ) কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সকল লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী পরিচালক (ভূ-রসায়ন)
২.৬	**সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা** সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২১-২২ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, উল্লেখিত কর্মপরিকল্পনাসমূহের নির্ধারিত কিছু কার্যক্রম যেমন: সেবা প্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার উপর ০৪ টি প্রশিক্ষণের মধ্যে ০৩টি প্রশিক্ষণ ইতোমধ্যে আয়োজন করা হয়েছে। নভেম্বর, ২০২১ মাসে সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে দ্বিতীয় স্টেকহোল্ডার সভা ইতোমধ্যে আয়োজন করা হয়েছে। ফোকাল পয়েন্ট জানান, সেবা প্রদান এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ত্রৈমাসিক সভাও ইতোমধ্যে আয়োজন করা হয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সহকারী পরিচালক (ভূতত্ত্ব)/সহকারী পরিচালক (ভূ-রসায়ন)
২.৭	**তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২১-২২** তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২১-২২ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তথ্য অধিকার বিষয়ক ফোকাল পয়েন্ট জানান, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২২ ইতোমধ্যে হালনাগাদ করা হয়েছে। তিনি আরো জানান, কর্মপরিকল্পনায় তথ্য অধিকার আইন, ২০09 এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করার নির্দেশনা রয়েছে যা ইতোমধ্যেই স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২২-এ অন্তর্ভূক্ত করে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি করা হয়েছে। এছাড়া, তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের ০৩ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রথম ও দ্বিতীয় ত্রৈমাসিকে ০২ প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি করে তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সহকারী পরিচালক (ভূ-রসায়ন)

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.০৬.০০৮.১৮.৫৩১ তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

৬) তত্ত্বাবধায়ক, উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

৭) উচ্চমান সহকারী, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

৮) হিসাবরক্ষক, উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

৯) ল্যাব এসিস্ট্যান্ট, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

১০) ড্রাফটসম্যান, উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

১১) সার্ভেয়ার, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

১২) পি.এ টু মহাপরিচালক বিএমডি, ঢাকা।

১৩) অফিস কপি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)